# Times Today BD

সিনিয়র রিপোর্টার | চট্টগ্রাম | 30 March, 2025

চট্টগ্রামের লোহাগাড়া উপজেলা চট্টগ্রাম-কক্সবাজার মহাসড়কে যাত্রীবাহী দুই বাসের মুখোমুখি সংঘর্ষে ৫ জন নিহত হয়েছেন।সোমবার (৩১ মার্চ) ঈদের দিন সকাল ৭টা ২৫ মিনিটে উপজেলার জাঙ্গালিয়া মাজার গেট এলাকায় এ দুর্ঘটনা ঘটে।এতে ১২ জন আহত হন।

নিহতরা হলেন, লোহাগাড়া উপজেলার পদুয়া ইউনিয়নের আদার মানিক মো. পারভেজে ছেলে মো. জাহেদ, একই এলাকার আলমের ছেলে রিফাত (২৯), একই ইউনিয়নের চরপাড়ার নুরুল ইসলামের ছেলে নাজিম, উপজেলার সুখছড়ি মৌলভীপাড়ার আমির হোসেনের ছেলে জিয়ান হোসেন অপু ও সাতকানিয়া উপজেলার ডেলিপাড়ার আবদুস ছাত্তারের ছেলে ছিদ্দিক।

ফায়ার সার্ভিস জানিয়েছে, সৌদিয়া পরিবহনের একটি বাসের সঙ্গে একটি মিনিবাসের মুখোমুখি সংঘর্ষে এই দুর্ঘটনা ঘটে।খবর পেয়ে সকাল সাড়ে ৭টার দিকে লোহাগাড়া ফায়ার স্টেশনের একটি ইউনিট ঘটনাস্থলে গিয়ে হতাহতদের উদ্ধার করে।

লোহাগাড়া থানার পরিদর্শক (তদন্ত) রবিউল আলম জানান, সকালে বাস-মিনি বাসের মুখোমুখি সংঘর্ষে পাঁচজন নিহত ও ১২ জন আহত হয়েছেন।

সড়ক-দুর্ঘটনা দুর্ঘটনা ফায়ার-সার্ভিস পুলিশ হাসপাতাল নিহত সংঘর্ষ

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 April, 2025 17:35

URL: https://timestodaybd.com/chittagong/762549213